দৈনিক
জনকণ্ঠ

তারিখ 21 OCT 2017
পৃষ্ঠা 20 কলাম 2

### নিয়মনীতির তোয়াক্কা নেই

# মেডিক্যাল শিক্ষা নিয়ে লাগামহীন বাণিজ্য

**★ বেসরকারী মেডিক্যাল কলেজের ছড়াছড়ি**
**★ মান নিয়ে প্রশ্ন**

নিখিল মানখিন ॥ বেসরকারী মেডিক্যাল শিক্ষা এখন ব্যবসায় পরিণত হয়েছে। অনুমোদন পাওয়ার পর কোন নীতিমালা পালন করছে না অনেক বেসরকারী মেডিক্যাল কলেজ। গত কয়েক দশক ধরে মেডিক্যাল কলেজ স্থাপনে অনিয়ম ও দায়িত্বহীনতার কারণে দেশের কতিপয় অসাধু চক্রও এই সেক্টর নিয়ে ব্যবসা চালিয়ে যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। বিশেষজ্ঞরা বলছেন, বিগত সময় হাসপাতাল থাকলেই মেডিক্যাল কলেজের অনুমোদন মিলেছে। হাসপাতাল স্থাপনের 'বোনাস' হিসেবে দেয়া হয়েছে মেডিক্যাল কলেজের অনুমোদন! বাণিজ্যিক হাসপাতাল স্থাপনের কয়েকদিনের মধ্যেই টাঙ্গিয়ে দেয়া হয়েছে মেডিক্যাল কলেজের সাইনবোর্ড। সরকারও অনুমোদন দিয়েছে দেদার। এখন হাসপাতালের আয়ের পাশাপাশি মেডিক্যাল কলেজে শিক্ষার্থী ভর্তি করে নেয়া হচ্ছে লাখ লাখ টাকা। অবশ্য এসব কলেজের মান নিয়ে প্রশ্ন উঠেছে অনেক আগেই। অর্থের বিনিময়ে সার্টিফিকেট নিয়ে এসব শিক্ষার্থী ভবিষ্যতে দেশের কেমন স্বাস্থ্যসেবা করবে এ নিয়ে আতঙ্কিত সব স্তরের মানুষ। বর্তমানে অবশ্য শক্ত হাতে নিয়ন্ত্রণ করা হয়েছে নতুন মেডিক্যাল কলেজের অনুমোদন।

হাসপাতাল স্থাপনের কয়েকদিনের মাথায় ঝুলিয়ে দেয়া হতো মেডিক্যাল কলেজের সাইনবোর্ড। ভাবটা এমন যে *(৮ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)*